৪৭

দৈনিক সংবাদ

তারিখ 01 AUG 1995
পৃষ্ঠা ৯ কলাম ৩

# জরাজীর্ণ স্কুল ভবন দুর্ঘটনার আশংকা

পিরোজপুর, ৩১শে জুলাই (সংবাদদাতা)।– সরকারি সিদ্ধান্তহীনতার কারণে কাউখালী পারসাতুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি মারাত্মক হুমকি হয়ে দাঁড়িয়েছে। এ বিদ্যালয়টিতে যেকোন মুহূর্তে ঘটে যেতে পারে মারাত্মক দুর্ঘটনা। এক কক্ষবিশিষ্ট জরাজীর্ণ এ ভবনটিতে জীবনের ঝুঁকি নিয়ে আতংকগ্রস্ত হয়ে শিক্ষকরা ক্লাস করছে ছাত্র/ছাত্রীদের নিয়ে।

এ অবস্থা কর্তৃপক্ষকে জানানো হয়েছে। বর্তমানে স্কুলটির ছাদ দিয়ে বৃষ্টি হলেই পানি পড়ে। প্লাস্টার ওঠে গেছে। ছাদের রড বেরিয়ে গেছে। পাশের দেয়ালে ফাটল ধরেছে। এ ব্যাপারে কাউখালী থানা প্রকৌশলীকে অবহিত করা হলে তিনি তদন্তসাপেক্ষে তার স্মারক নং এলজিইডি/থাঃ প্রঃ/কাউ/৯৫/৪৭৯ তাং ১৬/৭/৯৫ ইং মোতাবেক উক্ত ভবন ব্যবহার না করার জন্য ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন থানা শিক্ষা কর্মকর্তার বরাবরে। অথচ কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরে কোন ব্যবস্থাই নেননি।